দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 27 JUL 2017
পৃষ্ঠা ৩ ৫ কলাম ৫

# ঢাবি'র ভিসি প্যানেল মনোনয়নে ডাকা সিনেট সভা হতে বাধা নেই

## হাইকোর্টের আদেশ স্থগিত

■ ইত্তেফাক রিপোর্ট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ভিসি প্যানেল মনোনয়নের জন্য ডাকা সিনেটের বিশেষ সভা স্থগিত করে হাইকোর্টের দেওয়া আদেশ স্থগিত করা হয়েছে। ঢাবি কর্তৃপক্ষের করা এক আবেদনের পরিপ্রেক্ষিতে আপিল বিভাগের চেম্বার বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন গতকাল বুধবার এই আদেশ দেন। একই সঙ্গে আবেদনটি শুনানির জন্য পূর্ণাঙ্গ বেঞ্চে পাঠিয়ে দিয়েছে আদালত। আগামী ৩০ জুলাই প্রধান বিচারপতির নেতৃত্বাধীন তিন বিচারপতির আপিল বেঞ্চে ওই আবেদনের ওপর শুনানি অনুষ্ঠিত হবে। হাইকোর্টের আদেশ স্থগিত হওয়ায় শনিবার সিনেটের বিশেষ সভা হতে কোনো বাধা নেই বলে জানিয়েছেন ঢাবির আইনজীবী অ্যাডভোকেট এএফএম মেসবাহউদ্দিন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর